Ph. No.- 03243-295003
email id - drms.lamps@gmail.com

# D.R.M.S. Large Sized Multipurpose Co-Operative Society Ltd.

Vill.- Raipur :: P.O.- Garh-Raipur :: Dist.- Bankura :: PIN – 722134
Regd. No.- 23 BK Dated – 04/02/1978

Ref. No.- Date -

বিজ্ঞপ্তি নং - ১৪১ / ডিআরএমএস তাং – ১৪/১১/২০২৫

## ২০২৪ ও ২০২৫ মরশুমের সংগৃহীত কেন্দুপাতা বিক্রয় সংক্রান্ত নোটিশ।

এতদ্বারা ডি.আর.এম.এস.ল্যাম্পস লিমিটেড তাহার ২০২৪ মরশুম ও ২০২৫ মরশুমে সংগৃহীত নিম্নলিখিত লটের নিম্নলিখিত পরিমান কেন্দুপাতা বিক্রয় এর নিমিত্ত্ব কেন্দুপাতা ক্রয়ে আগ্রহী ক্রেতাদের নিকট হইতে মুখবন্ধ খামে দরপত্র (Auction) আহ্বান করিতেছেন। দরপত্র (Auction) জমা দেওয়ার শেষ তারিখ **২৬/১১/২০২৫ তারিখ বুধবার দুপুর ২টার মধ্যে ছুটির দিন বাদে ল্যাম্পসের রাইপুরস্থ অফিসে জমা দিতে হবে। দরপত্রগুলি খোলার তারিখ ২৬/১১/২০২৫ বুধবার দুপুর ২.৩০ টায় ল্যাম্পসের রাইপুরস্থ অফিসে**। কেন্দুপাতা ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের কাছে আবেদন তারা যেন আগামী **২৬/১১/২০২৫ তারিখ বুধবার দুপুর ২.৩০** টায় ল্যাম্পসের রাইপুরস্হ অফিসে উপস্হিত থেকে দরপত্রে অংশগ্রহন করবেন। সাধারনভাবে সবের্বাচ্য দর দাতার দরপত্রটি গ্রহন করা হইবে।

**২০২৪ মরশুমে সংগৃহীত কেন্দুপাতার পরিমান (পুরাতন)ঃ**

| ক্রমিক নং | লট নং | মোট বস্তা সংখ্যা | মোট ওজন কুইঃ (আনুমানিক) | পাতার বিবরন | মজুত গোডাউনের বিবরন | নোটিশ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১. | ১/ডিআরএমএস | ৩০০ | ৭২.৪৪ | জি.এফ | ল্যাম্পসের মটগোদাস্থ দক্ষিন গোডাউনের পূর্ব দিকে। | ৭ম বার |
| ২. | ২/ডিআরএমএস | ২৪০ | ৫৬.৭৪ | জি.সি.এস. | ল্যাম্পসের মটগোদাস্থ দক্ষিন গোডাউনের মাঝে। | ৭ম বার |
| | মোট - | ৫৪০ | ১২৯.১৮ | | | |

**২০২৫ মরশুমে সংগৃহীত কেন্দুপাতার পরিমান (নতুন)ঃ**

| ক্রমিক নং | লট নং | মোট বস্তা সংখ্যা | মোট ওজন কুইঃ | পাতার বিবরন | মজুত গোডাউনের বিবরন | নোটিশ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১. | ১/ডিআরএমএস | ১০৫ | ২৩.০৯ | জি.এফ. | ল্যাম্পসের মটগোদাস্থ উত্তর গোডাউনের মাঝখানে | ৩য় বার |
| ২. | ২/ডিআরএমএস | ৩৭৫ | ৮৫.৯৪ | জি.সি.এস. | ল্যাম্পসের মটগোদাস্থ দক্ষিন গোডাউনের পশ্চিমে | ৩য় বার |
| ৩. | ৩/ডিআরএমএস | ৪০ | ১০.৭৭ | জি.আর.এস. | ল্যাম্পসের মটগোদাস্থ দক্ষিন গোডাউনের মাঝে | ৩য় বার |
| | মোট - | ৫২০ | ১১৯.৮০ | | | |

উপরোক্ত কেন্দুপাতা ক্রয়ের ক্ষেত্রে ক্রেতাদের নিম্নলিখিত শর্তাদি মানিয়া চলিতে হইবে। যথা –

১। উপরোক্ত কেন্দুপাতাগুলি যেখানে যে অবস্থায় রয়েছে সেই অবস্থায় বিক্রয় যোগ্য। বস্তা থেকে কেন্দুপাতাগুলিকে এই পর্যায়ে বাছাই করা যাবে না।

P.T.O.

২। দর প্রতি কুইন্ট্যাল হিসাবে ধার্য্য হবে।

৩। নীলামে যে কোন কেন্দুপাতা ক্রেতা অংশগ্রহণ করতে পারবেন। সংশ্লিষ্ট ক্রেতার প্যান কার্ড, জিএসটি এবং আধারকার্ড থাকা বাধ্যতামূলক।

৪। কোন কেন্দুপাতা ক্রেতা নীলামে অনুপস্থিত থাকিলে তার প্রতিনিধিকে নীলামে অংশগ্রহণ করতে হলে ক্রেতার স্বাক্ষরসহ প্রত্যয়িত কপি দাখিল করতে হবে।

৫। ক্রেতাকে নীলামে অংশগ্রহণ করার পূর্বে Earnest Money হিসাবে ২০,০০০.০০ (কুড়ি হাজার) টাকা জমা দিতে হবে। যা নীলামে নির্দেষ্ট বিক্রয় মূল্য এবং বর্তমানে আরোপিত কর জমা দিয়ে গোডাউন থেকে পাতা তোলার পর ফেরত দেওয়া হবে। ক্রেতা নির্দিষ্ট সময়ের মধ্যে বিক্রয়মূল্য এবং পাতা তুলতে অসমর্থ হলে উক্ত Earnest Money বাজেয়াপ্ত করা হবে।

সর্বোচ্চ দরদাতা ক্রেতার Earnest Money জমা নিয়ে বাকী ক্রেতার Earnest Money নিলাম কক্ষেই ফেরত দেওয়া হবে।

৬। নীলামে দরদাতা ক্রেতা, কেন্দুপাতা মজুতের গুনগত মান সন্তুষ্ট হয়েই দর দিতে চলেছেন, পরবর্তীকালে পাতার গুণগত মান বা অন্য কিছু বিষয়ে কোন অভিযোগ গ্রাহ্য হবে না। প্রাকৃতিক দূর্যোগজনিত কারন ছাড়া ল্যাম্পস গোডাউন থেকে পাতার বিষয়ে কোন অবস্থাতেই দেরীর জন্য কোন কারন গ্রাহ্যনীয় হবে না।

৭। এই ল্যাম্পস এবং কর্পোরেশনের সর্বোচ্চ দরদাতা ক্রেতার দর গ্রহন করতে বাধ্য নয় এবং দরপত্র গ্রহন না করার অধিকার এই ল্যাম্পস এবং কর্পোরেশনের আছে। অনুষ্ঠিত নীলামে দরপত্র পাওয়া, বাতিল করতে পারে এবং নতুন করে নীলাম / টেন্ডার / চুক্তি ভিত্তিতে পাতা বিক্রির ব্যবস্থা করতে পারে। এই ল্যাম্পস এবং কর্পোরেশন প্রয়োজনে নীলাম মুলতবি / বাতিল / বিক্রয় চুক্তি বাতিল করার ক্ষমতা আছে।

৮। সর্বোচ্চ দরদাতা ক্রেতাকে নির্দিষ্ট লটের ক্রেতা হিসাবে ঘোষনা করা হবে। ক্রেতাকে নীলামের এক সপ্তাহের (৭ দিন) মধ্যে প্রস্তাবিত বিক্রয়মূল্যের ৫০ শতাংশ টাকা জমা দিতে হবে। অন্যথায় বিক্রয়চুক্তি এই ল্যাম্পস্ বা কর্পোরেশন বাতিল করতে বাধ্য থাকবে।

(ক) প্রথম দরদাতা ক্রেতা নির্দিষ্ট লটের প্রস্তাবিত বিক্রয়মূল্য জমা দিতে অসমর্থ হলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা ক্রেতাকে ক্রয়ের জন্য প্রস্তাব দেওয়া হবে। প্রথম ক্রেতার সর্বোচ্চ দর থেকে দ্বিতীয় ক্রেতার দেওয়া দরের তফাৎ বেশী হলে তার জন্য এই ল্যাম্পস্ দ্বিতীয় দরদাতাকে পাতা বিক্রয় করবে কিনা তা উভয়পক্ষ আলোচনার মাধ্যমে স্থির করা হবে। ল্যাম্পস এবং কর্পোরেশনের সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে গন্য হবে।

(খ) দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা ক্রেতার দরপত্র গ্রহন করা হলে নির্দিষ্ট ৭ দিনের মধ্যে প্রস্তাবিত বিক্রয়মূল্যের ৫০ শতাংশ টাকা জমা দিতে হবে। ব্যর্থ হলে বা প্রস্তাবিত দরে পাতা ক্রয় করতে রাজি না হলে সেই লট / লটগুলোর বিক্রয়চুক্তি এই ল্যাম্পস বাতিল করতে বাধ্য থাকবে। সেক্ষেত্রে ক্রেতার সাথে আলাদা ভাবে আর কোন যোগাযোগ করা হবে না। ক্রেতাদেরকে পরবর্তীকালে আর কোন নীলামে অংশগ্রহন করতে দেওয়া হবেনা।

(গ) ৭ (সাত) দিনের মধ্যে বিক্রয় মূল্যের ৫০ শতাংশ টাকা জমা দেওয়ার পর ক্রেতাকে অবশিষ্ট ৫০ শতাংশ টাকা ৬০ (ষাট) দিনের মধ্যে জমা দিতে হবে।

(ঘ) যদি ক্রেতা বিক্রয়মূল্যের ৫০ শতাংশ টাকা জমা দিয়ে থাকে এবং বাকী ৫০ শতাংশ টাকা জমা দিতে ব্যর্থ হয় তবে জমা দেওয়া ৫০ শতাংশ টাকার মধ্যে ১০ শতাংশ টাকা কেটে ফেরৎ পাবে। এখানে উল্লেখ্য যে পরবর্তীকালে উক্ত লট বিক্রি করতে যদি ক্ষতি হয় তবে সেই ক্ষতির টাকা ক্রেতার নিকট থেকে (যার জন্য ক্ষতি হলো) আদায় করা হবে বা ৫০ শতাংশ জমাকৃত টাকা থেকে কেটে নেওয়া হবে।

৯। সম্পূর্ণ প্রস্তাবিত বিক্রয় মূল্য ছাড়াও অন্যান্য ধার্য্যকৃত করের টাকা (G.S.T., T.D.S. etc.) ডেলিভারী অর্ডার নেওয়ার পূর্বে ক্রেতাকে জমা দিতে হবে।

রেজিঃ নং- ২৩ বি. কে. তাং- ৪/২/১৯৭৮

**P.T.O.**

১০। নীলাম সম্পন্ন হওয়ার পর লট ওয়াড়ি ত্রিপাক্ষিক চূড়ান্ত ওজনের দিন ঠিক করতে হবে। ত্রিপাক্ষিক চূড়ান্ত ওজনের সময় ক্রেতা বা তাঁর মনোনীত প্রতিনিধি, ল্যাম্পসের কর্মচারী ও আঞ্চলিক ব্যবস্থাপক বা তাঁর প্রতিনিধির উপস্থিতিতে করতে হবে। এই ত্রিপাক্ষিক চূড়ান্ত ওজন নীলামের দিন থেকে ১৫ দিনের পরিবর্তে ২০ (কুড়ি) দিনের মধ্যে অবশ্যই সম্পূর্ণ করতে হবে। নিলামের ২০ দিন পর চূড়ান্ত ওজন করা যাবে না।

১১। সম্পূর্ণ বিক্রয়মূল্য জমা দিয়ে ক্রেতাকে ৭ (সাত) দিনের মধ্যে গোডাউন থেকে পাতা তুলতে হবে। নীলামের তারিখের থেকে কোনোভাবে ৭০ দিনের পরে ক্রেতার পাতা ল্যাম্পসের গোডাউনে রাখা যাবে না। ৭০ দিন থেকে ৯০ দিনের জন্য ক্রেতাকে প্রতিদিন প্রতি কুইন্ট্যাল পাতার জন্য ৫০ টাকা (পঞ্চাশ টাকা) হারে গোডাউন ভাড়া দিতে হবে।

যদি ক্রেতা নীলামের দিন থেকে ৯০ দিনের মধ্যে গোডাউন থেকে পাতা তুলতে না পারে তবে নিগম / ল্যাম্পস নীলাম / আলাপ আলোচনার মাধ্যমে পাতা বিক্রির ব্যবস্থা করবে।

১২। ক্রেতা যে কোন দিন (ছুটির দিন বাদে) ল্যাম্পসের গোডাউনে মজুত করা পাতা পরিদর্শন করতে পারবেন।

১৩। এই নিগম / ল্যাম্পস ক্রেতার বিরুদ্ধে কেন্দুপাতা বিক্রি সংক্রান্ত বিষয়ে কোন কিছু খেলাপ হলে আইনত পদক্ষেপ নেওয়ার অধিকার থাকবে।

১৪। ল্যাম্পস ট্রানজিট পাশ (T.P.) জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করবে। কিন্তু টি.পি. চার্জ কিলো প্রতি ৩.০০ টাকা হিসাবে ক্রেতাকেই দিতে হবে।

(স্বাক্ষর) ১৮/১১/২৫

ম্যানেজার-ইন-চার্জ
ডি.আর.এম.এস.ল্যাম্পস লিঃ
রাইপুর, গড়-রাইপুর, বাঁকুড়া

ম্যানেজার- ইনচার্জ
ডি, আর, এম, এস, ল্যাম্পস্ লিঃ
রাইপুর, গড়-রাইপুর, বাঁকুড়া

*__অনুলিপি প্রেরন করা হইল ঃ__*

১। মাননীয় আঞ্চলিক ব্যবস্থাপক মহাশয়,
পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ
বাঁকুড়া।

২। মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক মহাশয়,
রাইপুর ব্লক,
রাইপুর, গড়-রাইপুর, বাঁকুড়া।

ডি. আর. এম. এস. ল্যাম্পস লিঃ রেজিঃ নং- ২৩ বি. কে. তাং- ৪/২/১৯০৮ রাইপুর, বাঁকুড়া

(স্বাক্ষর) ১৮/১১/২৫

ম্যানেজার-ইন-চার্জ
ডি.আর.এম.এস.ল্যাম্পস লিঃ
রাইপুর, গড়-রাইপুর, বাঁকুড়া

ম্যানেজার- ইনচার্জ
ডি, আর, এম, এস, ল্যাম্পস্ লিঃ
রাইপুর, গড়-রাইপুর, বাঁকুড়া

স্মারক সংখ্যা: 783 /ডব্লু.বি.টি.ডি.সি.সি./আর.ও/বিএন.কে তারিখ: 18/11/25

অনুলিপি প্রেরন করা হইল-

১) মাননীয়, পরিচালন অধিকর্তা, পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ, কোলকাতা

২) সহপরিচালন অধিকর্তা(বিক্রয়), পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ মহাশয়কে <u>এই বিজ্ঞপ্তিটি নিগমের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা যাচ্ছে।</u>

৩) আঞ্চলিক ব্যবস্থাপক পুরুলিয়া/ঝাড়গ্রাম এবং শাখা ব্যবস্থাপক সিউড়ি, পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ

৪) অতিরিক্ত জেলা শাসক, উন্নয়ন, বাঁকুড়া জেলা।

৫) সমষ্টি উন্নয়ন আধিকারিক ও বিশেষ আধিকারিক ...................................... ল্যাম্পস্ লিঃ

৬) ম্যানেজার/একাউন্টেন্ট, ............................................................... ল্যাম্পস্ লিঃ

(স্বাক্ষর) 18/11/25.

আঞ্চলিক ব্যবস্থাপক
পশ্চিমবঙ্গ আদিবাসী উন্নয়ন সমবায় নিগম লিঃ
বাঁকুড়া আঞ্চলিক কার্যালয়

S. Dutta
18.11.25